দৈনিক
ইনকিলাব

তারিখ ... 10 OCT 2012 ...
পৃষ্ঠা ... ১৭ ... কলাম ... ৬ ......

নর্থ সাউথ ভার্সিটির প্রতিনিধিদের সাক্ষাৎ

# প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে গরীব ও মেধাবী শিক্ষার্থীদের উচ্চ শিক্ষার সুযোগ দিন প্রেসিডেন্ট

□ বাসস

প্রেসিডেন্ট মো. জিল্লুর রহমান অধিকসংখ্যক গরীব ও মেধাবী শিক্ষার্থীর উচ্চ শিক্ষার সুযোগ সৃষ্টি করতে বেসরকারি বিশ্ববিদ্যালগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন। নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) একটি প্রতিনিধি দল গতকাল বঙ্গভবনে তার সঙ্গে সাক্ষাৎ করতে গেলে প্রেসিডেন্ট এ আহ্বান জানিয়ে বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে শিক্ষার্থীদের জন্য শিক্ষার আধুনিক সুযোগ-সুবিধা পৃ: ৫ ক: ৪

## প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে গরীব

১৬-এর পৃষ্ঠার পর

নিশ্চিত করতে হবে। প্রতিনিধি দলে ছিলেন বিশ্ববিদ্যালয়টির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এম এ হাসেম, সদস্য এম এ কাসেম এবং নিয়োগের জন্য প্রক্রিয়াধীন ভাইস-চ্যান্সেলর ও প্রো-ভাইস চ্যান্সেলর। বৈঠকে প্রতিনিধিদল ভাইস চ্যান্সেলর ও প্রো-ভাইস চ্যান্সেলর নিয়োগের প্রক্রিয়াসহ প্রতিষ্ঠানটির বিভিন্ন কর্মকাণ্ড সম্পর্কে প্রেসিডেন্টকে অবহিত করেন। তারা জানান, এনএসইউ গত শিক্ষাবর্ষে গরীব শিক্ষার্থীদের বৃত্তির জন্য ৭ কোটি টাকা দিয়েছে। এছাড়া মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য কোন টিউশন ফি নেয়া হয় না। তারা আগামী বছর জানুয়ারিতে প্রতিষ্ঠানটির ১৬তম সমাবর্তনে সভাপতিত্ব করতে বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর প্রেসিডেন্ট মো. জিল্লুর রহমানকে আমন্ত্রণ জানান। প্রেসিডেন্ট কার্যালয়ের সংশ্লিষ্ট সচিবগণ এ সময় উপস্থিত ছিলেন।

### পর্যটন ভিত্তিক বিশ্ববিদ্যালয় স্থাপনের পরিকল্পনা

পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) বাণিজ্য ও পর্যটনের ওপর জোর প্রদান করে বিশ্ব বাণিজ্য ও পর্যটন ফাউন্ডেশন (ডব্লিউটিটিএফ)-এর পরিকল্পনায় রাজধানীতে একটি বিশেষায়িত বিশ্ববিদ্যালয় স্থাপনের পরিকল্পনা করছে। ডব্লিউটিটিএফ-এর একটি প্রতিনিধি দল গতকাল প্রেসিডেন্ট মো. জিল্লুর রহমানের সঙ্গে বঙ্গভবনে দেখা করে এ বিষয়ে তাকে অবহিত করেন। প্রতিনিধি দলে ছিলেন সাঈদ সালমান মাসুদ, সুজিত চৌধুরী এবং একরামুল আজিজ। এ সময় প্রতিনিধি দল প্রেসিডেন্টকে জানান, যে প্রস্তাবিত বিশ্ব বাণিজ্য ও পর্যটন বিশ্ববিদ্যালয় (ডব্লিউটিইউ) হবে দেশে এ ধরনের প্রথম বিশ্ববিদ্যালয়। এতে প্রধানত স্নাতকোত্তর পর্যায়ে পাঠদান করা হবে। এছাড়া নির্বাহী কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন সংক্রান্ত বিষয়াদি ও কিছু সংখ্যক বাছাই করা প্রায়োগিক বিষয়ে স্নাতক পর্যায়েও পাঠদান করা হবে। তারা জানান, প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়টি দক্ষ জনশক্তি তৈরির মাধ্যমে রপ্তানি খাতের পাশাপাশি পর্যটন শিল্পের উন্নয়নে বিশেষ ভূমিকা পালন করবে। প্রতিনিধি দলটি প্রেসিডেন্টকে আরো জানান, যে পিপিপির আওতায় বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠায় তারা ইতোমধ্যেই বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের সঙ্গে কথা বলেছেন। তারা জানান, বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠার পর ডব্লিউটিইউ সরকারের কাছে এর প্রশাসনিক দায়িত্ব হস্তান্তর করবে। এ সময় প্রতিনিধিদল বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠায় দেশের সকল বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর প্রেসিডেন্টের সহযোগিতা কামনা করেন। জিল্লুর রহমান ধৈর্য সহকারে তাদের কথা শুনেন এবং বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠায় সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন। এ সময় প্রেসিডেন্ট কার্যালয়ের সংশ্লিষ্ট সচিবগণ উপস্থিত ছিলেন।